

# ই-স্কুটার

আপনার যা জানা দরকার



সাধারণত, ব্যক্তিগত  
মালিকানাধীন ইলেকট্রিক  
স্কুটার জনসাধারণের জন্য  
নির্ধারিত স্থানে চালানো  
আইনসঙ্গত নয়।



# আপনি কি জানেন, ব্যক্তিগত মালিকানাধীন ইলেকট্রিক স্কুটার (ই- স্কুটার) জনসাধারণের জন্য নির্ধারিত স্থানে চালানো আইনসঙ্গত কিনা?



আইন অনুযায়ী, ই-স্কুটারকে সাধারণত মোটরযান হিসেবে গণ্য করা হয়।  
তাত্ত্বিকভাবে, এর মানে হল আপনার ই-স্কুটার ব্যবহার করতে হলে একটি  
MOT, রোড ট্যাক্স এবং বীমা থাকতে হবে, কিন্তু বর্তমানে এই উপায়ে ই-স্কুটার  
নিবন্ধন করা সম্ভব নয়।

ব্যক্তিগত মালিকানাধীন ই-স্কুটার সাধারণত শুধুমাত্র ব্যক্তিগত জমিতে বা যার  
জায়গা তার থেকে অনুমতি নিয়ে ব্যবহার করা যায়।

সাধারণত, ব্যক্তিগত মালিকানাধীন ই-স্কুটার রাস্তা, ফুটপাথ বা জনসাধারণের  
জন্য নির্ধারিত স্থানে ব্যবহার করা যায় না। যদি আপনি এমন করেন, তাহলে  
আপনি একটি বড় অঙ্কের জরিমানা, ড্রাইভিং লাইসেন্সে পয়েন্টও যোগ হতে  
পারে, এবং আপনার ই-স্কুটার বাজেয়াপ্ত হওয়ার ঝুঁকিতে পড়তে পারেন।

যুক্তরাজ্যের কয়েকটি নির্দিষ্ট স্থানে, ভাড়ায় পাওয়া যায় এমন ই-স্কুটার  
ব্যবহারের অনুমতি আছে, যা সরকারি পরীক্ষামূলক প্রকল্পের অংশ। যদি  
আপনার

বয়স ১৬ বছরের বেশি হয় এবং আপনার পূর্ণ বা অস্থায়ী ড্রাইভিং  
লাইসেন্স থাকে

তাহলে আপনি এগুলো জনসাধারণের সড়ক এবং সাইকেল  
পথে ব্যবহার করতে পারবেন।

শুধু নিশ্চিত করুন যে আপনার ড্রাইভিং লাইসেন্সে  
AM ক্যাটাগরি অন্তর্ভুক্ত আছে।

A অথবা B।

